প্রথম আলো

মঙ্গলবার, ২৭ জানুয়ারি ২০২৬, ১৩ মাঘ ১৪৩২

৭

# মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

ফেনী শাখা, ফেনী।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

## বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, ফেনী শাখা, ফেনী এর খেলাপী ঋণ গ্রহীতা মেসার্স সুরভী টি কোং, ঠিকানা- ৯৫, ট্রাংক রোড, (পুরাতন বারইয়ারহাট বাস ষ্ট্যান্ড), ফেনী সদর, ফেনী, উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী- জনাব মোহাম্মদ নুরুল করিম এর নিকট ৩১/১২/২০২৫ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ মোট পাওনা টাকা ৩,৫১,৭৫,৫৯২/- (তিন কোটি একান্ন লক্ষ পঁচাত্তর হাজার পাঁচশত বিরানব্বই টাকা) মাত্র এবং আদায়কাল সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে জনাব মোহাম্মদ নুরুল করিম, পিতাঃ মোহাম্মদ সামছুল করিম, ঠিকানা : গ্রাম/রাস্তা- মাস্টার পাড়া রোড, ৮৬, ডাঃ মাহবুবুল হক চৌধুরী বাসা, মাস্টার পাড়া, ফেনী পৌরসভা, ফেনী সদর, ফেনী কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তার নামা দলিলমূলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### দরপত্রের শর্তাবলীঃ

১। আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৩/০২/২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ এর মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩:৩০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ব্যাংক কর্তৃপক্ষ দরপত্র বক্স খুলবেন। রেজিষ্টিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/ মাতা/ স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং বা কোম্পানী/ ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে।

২। প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার, জামানতস্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, ফেনী শাখা, ফেনী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৩। অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় অর্থ পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪। উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য প্রথম দরপত্র দাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫। সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্স ও উৎসে কর-সহ যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

৬। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশনের, ওয়াসা, পিডিবি, তিতাস, উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করতে পারবেন।

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

১। জেলা- ফেনী, উপজেলা- ফেনী সদর, সাব-রেজিস্ট্রি অফিস- ফেনী, মৌজা- ফেনী, জেএল নং- সিএস-৯৪, বিএস- ৪১, সিএস খতিয়ান নং- ৮২, সিএস দাগ নং- ৪৯৩, এসএ খতিয়ান নং- ৯১, এসএ দাগ নং- ৬১৫, বিএস ডিপি খতিয়ান নং- ৪২৯, বিএস দাগ নং- ১৪১৭, নামজারি খতিয়ান নং- ৪৯৯ জমির পরিমাণ ৮.৫০ (আট দশমিক পঞ্চাশ) শতাংশ ভূমিসহ সকল স্থাপনাদি।

২। জেলা- ফেনী, উপজেলা- ফেনী সদর, সাব-রেজিস্ট্রি অফিস- ফেনী, মৌজা- ভালুকিয়া, জেএল নং- সিএস-৯৮, বিএস- ৮১, সিএস খতিয়ান নং- ৭০, এসএ খতিয়ান নং- ৬৩, সিএস এবং এসএ দাগ নং- ২৬১, বিএস ডিপি খতিয়ান নং- ২৩৭, বিএস দাগ নং- ৫৫৫, নামজারি খতিয়ান নং- ২৯২; জমির পরিমাণ ৫৩.০০ (তিপ্পান্ন দশমিক শূন্য) শতাংশ ভূমিসহ সকল স্থাপনাদি।

পক্ষে : শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., ফেনী শাখা, ফেনী সদর, ফেনী। ফোন নং- +৮৮০৯৬৭৮১৪২১৩১, ০১৭১৩৪৫২৯৯৪।